গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় ও মনিটরিং অধিশাখা
www.mopme.gov.bd

বিষয়ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও সমন্বয় কমিটির প্রথম সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ গিয়াস উদ্দিন আহমেদ অতিরিক্ত সচিব
সভার তারিখ ও সময়:		২৩ এপ্রিল ২০১৫খ্রিঃ, সকাল ১১.০০ টা।
সভার স্থান	:	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা- পরিশিষ্ট 'ক' তে প্রদর্শিত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি বিগত ০২/০৪/২০১৫ তারিখে জনাব মোঃ নজরুল ইসলাম সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় চুক্তির বিভিন্ন দিক নিয়ে আলোচনা ও পর্যালোচনা সভার রেজুলেশন সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ বিশেষভাবে আলোচনা হয়।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও সমন্বয় কমিটির কার্যপরিধিসহ গঠন করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়েছে। গঠিত টিম সমূহ মাসিক ভিত্তিতে চুক্তি বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবিশ্যিক কৌশলগত উদ্দেশ্যেসমূহ বাস্তবায়ন এবং এ সংক্রান্ত তথ্যাদি মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইট সমূহে নিয়মিত ও হালনাগাদ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। মন্ত্রণালয়/বিভাগের ওয়েব সাইটে একটি জিপিএমএস মেনু সৃজন করে সেখানে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং এ সংক্রান্ত অর্জন সমূহের তথ্যাদি নিয়মিত আপলোড করা প্রয়োজন। অনুরূপভাবে একটি আরটিআই মেনু সৃজন করে তথ্য অধিকার বাস্তবায়ন এবং এ সংক্রান্ত আইন ও প্রবিধানে বর্ণিত তথ্যাদি আপলোড করতে হবে। দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। নিয়মিত ইনোভেশন টিমের সভা আয়োজন এবং সভায় কার্যবিবরণী সহ ও সিদ্ধান্ত বাস্তবায়নের তথ্য ও ওয়েবসাইটে আপলোড করা সমীচীন মর্মে সভায় মত প্রকাশ করা হয়। মন্ত্রণালয়/বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা নিয়মিত আহ্বান করা সহ সভার কার্যবিবরণী অর্থ বিভাগে প্রেরণ করা প্রয়োজন।

২। মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ বিভিন্ন মতামত ব্যক্ত করেন।

সভাপতি জানান এ পর্যন্ত কর্মসম্পাদন চুক্তিতে ৪৮টি মন্ত্রণালয় চুক্তিবদ্ধ হয়েছে। অত্র মন্ত্রণালয় যথাযথভাবে স্বাক্ষর পূর্বক চুক্তিবদ্ধ হয়েছে এবং ওয়েবসাইটে তা প্রকাশ করা হয়েছে। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয় প্রতিমাসে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেছেন। ওয়েবসাইটে মন্ত্রণালয়ের হালনাগাদ তথ্যাদি প্রকাশ করার জন্য উক্ত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এ বিষয়ে জনাব জ্যোর্তিম্ময় বর্ম্মন, যুগ্মসচিব (প্রশাসন-২) বলেন তথ্য আপলোডের বিষয়টি স্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। এ মন্ত্রণালয়ের প্রোগ্রামার জনাব সিরাজুল ইসলাম বলেন তথ্য না দেয়ার বিষয়ে অনাগ্রহ পরিলক্ষিত হয়। এই বিষয়ে কোনটি প্রকাশ করা যাবে বা কোনটি প্রকাশ করা যাবে না তা উইং প্রধানের সাথে আলোচনা করে চূড়ান্ত করতে হবে।

এ বিষয়ে সভাপতি বলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির সভা ২৯/০৪/২০১৫ তারিখে অনুষ্ঠিত হবে। মন্ত্রণালয়ে বার্ষিক চুক্তি সম্পাদনের বিষয়ে জিপিএমএস মেনু এবং RTI মেনু সৃজন বিষয়ে জানতে চাইলে প্রোগ্রামার জানান

জিপিএমএস মেনু এবং RTI মেনু ইতিমধ্যে সৃজন করা হয়েছে। তথ্য হালনাগাদ চলমান। মন্ত্রণালয় ইউনিকোড ব্যবহারের বিষয়ে জানতে চাইলে প্রোগ্রামার জানান ইউনিকোড ব্যবহারের জন্য পুনরায় ৭ দিনের ১টি প্রশিক্ষণ গ্রহণ করা প্রয়োজন। মন্ত্রণালয় দপ্তর ও অধিনস্থ সংস্থাসমূহকে ইউনিকোড ব্যবহারের জন্য ও নির্দেশনা দেয়া প্রয়োজন। যুগ্মসচিব (প্রশাসন-২) জানান প্রত্যেক শাখায় ইউনিকোড ব্যবহার বাধ্যতামূলক করা নিশ্চিতকরনের জন্য পত্র দেয়া প্রয়োজন। যুগ্মসচিব (বাজেট) জানান মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটি সভার কার্যবিবরণী অর্থ বিভাগে প্রেরণ করা হচ্ছে। গত ১৭/১২/২০১৪ তারিখে বাজেট ব্যবস্থাপনা কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৩.১. মন্ত্রণালয় তথ্যাদি আপলোডের বিষয়ে ২৯/০৪/২০১৫ তারিখে সভায় উপস্থাপনের যথাযথ ব্যবস্থা নিতে হবে।

৩.২ মন্ত্রণালয় সৃজিত জিপিএমএস মেনু এবং RTI মেনুতে হালনাগাদ তথ্যাদি আপলোড করতে হবে।

৩.৩ ইউনিকোড ব্যবহারের বিষয়ে যুগ্ম সচিব (প্রশাসন-২) কে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৪ মন্ত্রণালয় বাজেট ব্যবস্থাপনা কমিটি বাজেট সভার কার্যবিবরণী অর্থ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৫ Time Bound Action Plan অনুযায়ী মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হবে। আগামী ১০/৫/২০১৫ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী অর্থ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
তাং-২৯/৪/২০১৫
(মোঃ গিয়াস উদ্দিন আহমেদ)
অতিরিক্ত সচিব

স্মারক নং- ৩৮.০০৫.০২২.০০.০০.০০১.২০১৫ -৫২১ তারিখ- ২৯.০৪.২০১৫ খ্রিঃ

বিতরণঃ কার্যার্থে/জ্ঞাতার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) ঃ

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
(দৃঃআঃ জনাব মোঃ মহিউদ্দিন খান, অতিঃ সচিব)
৩। জনাব মোঃ ফাইজুল কবীর, যুগ্মসচিব (উন্নয়ন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জনাব আলম আরা বেগম, যুগ্মসচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জনাব জ্যোতির্ময় বর্মন, যুগ্মসচিব (প্রশাসন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। ড. ইমতিয়াজ মাহমুদ, উপপ্রধান (পরিকল্পনা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জনাব তানভির আহমেদ, উপসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। জনাব জালাল হাবিবুর রহমান, সহকারী প্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। জনাব মোঃ সিরাজুল ইসলাম, প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অতিরিক্ত সচিব (প্রশাসন-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১১। সংরক্ষিত কপি।

২৯/৪/২০১৫
(মেছবাহ আহমদ)
উপ-সচিব (সমন্বয় ও মনিটরিং)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফোনঃ ৯৫৬৫৭৭৭

D:\other\minits.doc